

মার্চ ২০১৫ এর কার্যক্রমের প্রতিবেদন - বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ ঢাকা

১। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৫তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০১৫ উদযাপন। গত ১৭ মার্চ ২০১৫ মঙ্গলবার ১১০০ ঘটিকায় নাবিক কলোনিস্থ নৌ পরিবার শিশু নিকেতন ঢাকা হলরুমে বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ ঢাকা কর্তৃক রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ, আবৃত্তি এবং বঙ্গবন্ধুর জীবনী ও আদর্শ শীর্ষক আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ ঢাকা এর চেয়ারম্যান বেগম ডাঃ আফরোজা আওরঙ্গজেব। এছাড়াও বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ ঢাকা শাখার কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ ও নৌ পরিবার শিশু নিকেতন ঢাকা এর শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন।



২। শিশু স্বাস্থ্য প্রতিযোগিতা ২০১৫ আয়োজন। বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ ঢাকা শাখা কর্তৃক শিশু স্বাস্থ্য প্রতিযোগিতা গত ১৯ মার্চ ২০১৫ বৃহস্পতিবার ১৬৩০ ঘটিকায় নাবিক কলোনিস্থ নৌ পরিবার শিশু নিকেতন ঢাকা হলরুমে অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বয়স ভিত্তিক তিনটি বিভাগে যেমনঃ নবজাতক হতে ১ বছর ৬ মাস, ১ বছর ৬ মাস হতে ৩ বছর এবং ৩ বছর হতে ৫ বছর পর্যন্ত প্রতিযোগি শিশুরা অংশগ্রহণ করে। উক্ত শিশু স্বাস্থ্য প্রতিযোগিতার নির্বাচনী পর্যন্ত বিভাগ অনুযায়ী ১ম, ২য় ও ৩য় স্থান নির্ধারণ করেন।





৩। নোঙ্গর প্রশিক্ষণ কেন্দ্র এর ভিত্তি প্রস্তর স্থাপন। গত ২৫ মার্চ ২০১৫ বুধবার বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ কর্তৃক পরিচালিতব্য নোঙ্গর প্রশিক্ষণ কেন্দ্র এর ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ এর মাননীয় প্রেসিডেন্ট বেগম হাফিজা হাবিব। এছাড়াও উক্ত অনুষ্ঠানে উর্দ্ধতন কর্মকর্তার পত্নীবৃন্দ, বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ কেন্দ্রীয় কমিটি, বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ ঢাকা শাখা ও বিএন লেডিস ক্লাব ঢাকা শাখার কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ এবং নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ ঢাকা উপস্থিত ছিলেন।



সীমিত

৪। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৫ উদযাপন। গত ২৬ মার্চ ২০১৫ বৃহস্পতিবার ১১০০ ঘটিকায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৫ উদযাপন উপলক্ষে নাবিক কলোনীস্থ নৌ পরিবার শিশু নিকেতন ঢাকা হলরূমে বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ ঢাকা কর্তৃক কোরআন তেলওয়াত, হামদ-নাত, আবৃত্তি এবং আলোচনা সভা অনুষ্ঠান আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ ঢাকা শাখার কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ ও নৌ পরিবার শিশু নিকেতন ঢাকা এর শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন।

